

# কী ও কেন কক্সবাজার সিএসও-এনজিও ফোরাম (সিসিএনএফ) ও তার ওয়েবসাইট

## ১. কক্সবাজার সিএসও-এনজিও ফোরাম (সিসিএনএফ):

বিগত সেপ্টেম্বর মাস থেকে ছয়টি সভার মাধ্যমে কক্সবাজারে কর্মরত ও সক্রিয় নাগরিক সমাজ সংগঠন, দেশীয় ও স্থানীয় এনজিওদের নিয়ে কক্সবাজার সিএসও এনজিও ফোরাম তথা সিসিএনএফ গঠিত হয়। সভার কার্যবিবরণীগুলো সিসিএনএফ ওয়েব সাইট [www.cxb-cso-ngo.org](http://www.cxb-cso-ngo.org) তে সবার অবগতির জন্য দেয়া রয়েছে।

## ২. | সিসিএনএফ-এর প্রাথমিক উদ্দেশ্যসমূহঃ

বিগত ৫ই অক্টোবরের একটি সভায় এই সিসিএনএফ এর উদ্দেশ্যসমূহ প্রাথমিকভাবে নির্ধারণ করা হয়, তা হলোঃ

**ক.** কার্যক্রমের সমন্বয়ের বাতায়ন তৈরি করা (বিশেষ করে রোহিঙ্গাদের ত্রাণ কার্যক্রমে), যাতে করে সম্পদ ও প্রচেষ্টার পুনরাবৃত্তি (Duplication) না হয়।

**খ.** সবাইকে নিজেদের Contact Information গুলো শেয়ার করা যাতে নিজেদের মধ্যে যোগাযোগ সহজ হয়।

**গ.** স্বাধীন ও স্বনির্ভর নাগরিক সমাজ উন্নয়নে সহায়তা করা, যাতে কিনা কক্সবাজারে একটি মানবিক সংবেদনশীল সমাজ প্রতিষ্ঠিত হয়।

**ঘ.** WHS (World Humanitarian Summit) ও এই (Grand Bargain) এর আলোকে “স্থানীয়করণ (Localization) ও দায়বদ্ধতা/জবাবদিহিতা (Accountability) বাস্তবায়নের জন্য কাজ করা।

**ঙ.** সরকারের সাথে Positive Engagement থেকে সহায়তা করা।  
সর্বেপরি,

**ঙ.** সরকারী প্রশাসনের সাথে সমন্বিত ও সমষ্টিগতভাবে সম্পর্ক স্থাপন করা, যাতে নাগরিক সমাজ/ এনজিও দের বিকাশে সহায়তা হয়।

সিসিএনএফ-এর প্রধান উদ্দেশ্য  
হলো- কার্যক্রমের সমন্বয়ের  
বাতায়ন তৈরি করা (বিশেষ করে  
রোহিঙ্গাদের ত্রাণ কার্যক্রমে), যাতে  
করে সম্পদ ও প্রচেষ্টার পুনরাবৃত্তি  
(Duplication) না হয়।

## ৩. মূল শোগানঃ

সভাসমূহে মূল পরিচিতি শোগান হিসেবে নিম্নোক্ত  
শোগানটি নির্ধারণ করা হয় “A Network  
of Local CSOs and NGOs in  
Cox’s Bazar to promote a human  
and gender responsive society  
through positive engagement with  
Government” অর্থাৎ “এটা কক্সবাজারের  
স্থানীয় নাগরিক সমাজ ও এনজিও দের একটি  
নেটওর্ক যা একটি মানবিক ও নারী-পুরুষ  
সম্পর্কের প্রতি সংবেদনশীল একটি সমাজ  
গঠনে সহায়তা করবে, যা কিনা সরকারের সাথে  
ইতিবাচক সম্পর্কের অবতারনার ভিত্তিতে করা  
হবে”।

## ৪. সদস্য ও পরিচালনাঃ

এ পর্যন্ত প্রায় ২৫ টি সংগঠন সম্মতি সহকারে  
সদস্য হিসেবে সিসিএনএস-এ প্রোফাইল  
দিয়েছেন। তাদের মধ্যে রয়েছে- জালালাবাদ  
ফাউন্ডেশন, পাল্স, শব্দায়ন, একলাব, আনন্দ,  
বুরো বাংলাদেশ, এক্সপেডের্স, গনস্বাস্থ্য কেন্দ্র,  
আইএসডিই বাংলাদেশ, শেড, ইপসা, অগ্রযাত্রা,  
বিসিবিডি, কোডেক, গ্রীন কক্সবাজার, আইডিএফ,  
মুক্তি, বাস্তব, নোংগর, বিসিভিডি, কোস্ট ট্রাস্ট,  
কক্স-মিডিয়া অপারেটর এসোসিয়েশন, জাগো  
নারী, বাংলা জার্মান সম্প্রীতি ও হেল্প কক্সবাজার।

বিগত অক্টোবর মাসের একটি সভার মাধ্যমে  
দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য তিনজন কো-  
চেয়ার ও সদস্য সচিব নির্বাচন করা হয়, যারা  
হলেন:

**ক.** স্থানীয় এনজিও প্রতিনিধি : আবু মোর্শেদ  
চৌধুরী, পাল্স ও রেজাউল করিম চৌধুরী,  
কোস্ট ট্রাস্ট



খ. দেশীয় এনজিও প্রতিনিধি : আরিফুর রহমান, ইপসা  
গ. সদস্য সচিব : মকবুল আহমেদ, কোস্ট ট্রাস্ট।

তাঁরা আগামী ফেব্রুয়ারির পর্যন্ত আপাতত কাজ করবেন।

## ৫. উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ:

১৭ ই সেপ্টেম্বর ২০১৭: এনজিও বিষয়ক বুরোর মহা পরিচালক মহোদয়ের সঙ্গে সভা। মূল প্রতিপাদ্য বিষয়: কিভাবে এনজিও

দের এনজিও বুরোর অনুমোদন পেতে সহায়তা হয়।

৩ৱা অক্টোবর ২০১৭: ইউ এন আভার সেক্রেটারি জেনারেল

মি. মার্ক লুকক-কে স্মারকলিপি পেশ ও তাঁর সঙ্গে বৈঠক।

মূল প্রতিপাদ্য বিষয়: জাতিসংঘের প্রতিষ্ঠানগুলো যাতে

সরাসরি মাঠ পর্যায়ে কার্যক্রম পরিচালনা না করেন, তারা যেন

স্থানীয় এনজিওদের সঙ্গে অংশীদারিত্ব বা পার্টনারশিপে যায়।

নিজেরাই সব, একক সিদ্ধান্তে করে ফেলা বা সিঙ্গেল হেণ্টে ও

মনোপালিস্টিক এপ্রোচ যেন বাদ দেয়া হয়।

১৯ শে অক্টোবর ২০১৭: কক্সবাজার প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন।

মূল প্রতিপাদ্য বিষয়: কক্সবাজার একা কেন রোহিঙ্গা শরণার্থীদের

ভার বহন করবে?

৯ ই নভেম্বর ২০১৭: ঢাকা রিপোর্টার্স ইউনিটতে সংবাদ

সম্মেলন। মূল প্রতিপাদ্য বিষয়: রোহিঙ্গা ক্যাম্প সরাও,

কক্সবাজারের অর্থনীতি ও পরিবেশ বিপদাপন্ন।

৮, ৯ ও ১০ ই ডিসেম্বর ২০১৭: আন্তর্জাতিক মানবাধিকার দিবস

উপলক্ষে উধিয়া, টেকনাফ ও কক্সবাজারে সমাবেশ ও র্যালি। মূল

প্রতিপাদ্য বিষয়: রোহিঙ্গাদের সাথে কক্সবাজারের লোকদের মানবাধিকারকেও সমুন্নত রাখতে হবে।

১৭ ই ডিসেম্বর ২০১৭: জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলন।

মূল প্রতিপাদ্য বিষয়: এনজিও বিষয়ক বুরোর আইনগত ওয়ান স্টেপ সার্ভিস প্রতিষ্ঠাপন করুন, অহেতুক জটিলতা পরিহার করুন।

### গুরুব সাইটের মৌলিক উদ্দেশ্য:

উপরোক্ত মৌলিক উদ্দেশ্যসমূহের আলোকে  
উক্ত ওয়েবসাইট এর লক্ষ্যগুলো হচ্ছে; (ক)  
কার্যক্রমের উপর তথ্য প্রচারের পাশাপাশি  
মতবিনিময়ের জন্য Platform হিসেবে  
কাজ করা, (খ) একসাথে কক্সবাজারের  
মিডিয়াসমূহকে দেশে ও বিদেশে সহজভাবে  
পাবার জন্য সংযোগস্থৃত হিসেবে কাজ করা,  
(গ) এক্ষেত্রে ওয়েব সাইটটি বাংলা এবং ইংরেজি  
দুই ভাষাতেই কাজ করবে। সর্বোপরি, (ঘ)  
স্থানীয় সিএসও ও এনজিওদের কাজকর্ম ও  
শাসনব্যবস্থা সম্পর্কে প্রচারের অবকাশ রাখা।



কক্সবাজার সিএসও-এনজিও ফোরাম (সিসিএনএফ)  
**www.cxb-cso-ngo.org**

### সচিবালয়:

কোস্ট ট্রাস্ট, কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র, বাড়ি নং-৭৫, ব্রক-এ, লাইট হাউজ রোড, কলাতলী, কক্সবাজার।  
যোগাযোগ: মকবুল আহমেদ, মোবাইল: ০১৭১৩০২৮৮২৮, ইমেইল: moqbul.coast@gmail.com